দামুড়হুদার কার্পাসডাঙ্গায় কারিতাসের উদ্যোগে হুইল চেয়ার বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হলরুমে আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে কারি তাস বাংলাদেশ SDDB প্রকল্পের আয়োজনে ৫ জন প্রতিবন্ধীর মাঝে হুইল চেয়ার বিতরন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ:করিম বিশ্বাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি সামসুল আলম, সহ-সভাপতি করম আলী, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম টুটুল, প্যানেল চেয়ারম্যান আলমগীর হোসেন, সাজিবার রহমান, সিরাজুল ইসলাম মেম্বর, মনিরুজ্জামান মন্টু মেম্বর, মাহবুবুর রহমান, আ:সালাম,বিল্লাল হোসেন, দেলোয়ারা, আনেহার, উপজেলা ছাত্রদলের যুগ্ম আহবায়ক জুলফিকার আলী ভুট্টো, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা শাহাবুবুর রহমান, হিসাবরক্ষক মতিয়ার রহমান, উদ্যোক্তা হারুন, হীরা, ওমেদুল, কারিতাস এসডিডি প্রকল্পের কার্পাসডাঙ্গা উন্নয়ন কমিটির সভাপতি সুদিন সরকার, আলাউদ্দীন মাস্টার, আনসার আলী, আহসান, কিতাব।

সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন এসডিডি প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।” নারী কন্যার সুরক্ষা করি,

সহিংসতা মুক্ত বিশ্ব গড়ি ” স্লোগানক সামনে রেখে আজ সকাল ১১ টায় উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক কার্যালয়ের যৌথ আয়োজনে প্রথমে উপজেলা চত্বর থেকে র্যালী বের হয়, পরবর্তীতে র্যালী শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, এসময় তিনি বলেন নারীরা হলো মায়ের জাতি, প্রতিটি মা তার সন্তানকে ভালোবাসে এবং একজন আদর্শবান মানুষ হিসেবে তার সন্তানকে দেখতে চাই। একজন নারী তার সন্তানের প্রথম শিক্ষক, আমরা যারা সবল তারা কখনই দুর্বলদের ওপর নির্যাতন করবো না, আমি যদি নিজে সচেতন হয়ে নিজেকে সঠিকভাবে গড়ে তুলতে পারি তাহলে অবশ্যই পরবর্তী জেনারেশন সুন্দরভাবে গড়ে উঠবে। এ সময় তিনি কবি নজরুল ইসলামের লেখার উদ্ধৃতি দিয়ে বলেন এ বিশ্বে যা কিছু সৃষ্টি চির কল্যাণকর অর্ধেক তার করিয়াছে নারী অর্ধেক তার নর, আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এই অনুষ্ঠান করার মূল উদ্দেশ্য হলো সমাজে নারীরা কিভাবে বা কী কারণে নির্যাতনের শিকার হচ্ছে সেগুলো চিহ্নিত করে সমাধানকল্পে উদ্বুদ্ধ করা। তিনি আরো বলেন বর্তমান সমাজে প্রচলিত আছে পুরুষরাই নারীদের নির্যাতন করে এটা ঠিক না নারীরাও নারীদের নির্যাতন করে যেমন প্রতিটি পরিবারই কম বা বেশি তার উদাহরণ। নারীরাও নারীদের মাধ্যমে মানসিক ও শারীরিকভাবে নির্যাতিত হয় থাকে সেটা কোনভাবে কাম্য নয়, এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে ছোটখাটো ভুল ত্রুটি গুলো ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখে আলোচনা সাপেক্ষে সমাধান করতে হবে। নারী এবং পুরুষ সবাইকে সমতার দৃষ্টিতে দেখে সুন্দরভাবে সমাজ গড়ে তুলতে হবে। বাল্যবিবাহ কাম্য নয় এটা থেকে আমাদের বাহির হয়ে আসতে হবে। সমাজে যারা আমরা সবল আছি মহানুভবতার দৃষ্টিকোণ থেকে দুর্বলদের সাহায্যের জন্য আমাদেরকে এগিয়ে আসতে হবে।

অনুষ্ঠানে উপস্থিত নারীদের উদ্দেশ্যে তিনি বলেন এ অনুষ্ঠানে অংশগ্রহণ করে আপনারা সচেতন হবেন এবং আমার আপনার সমাজের প্রতিটি মানুষকে নির্যাতন সম্পর্কে সচেতন করবেন। আমাদের সরকারিভাবে হট লাইন নাম্বার আছে এবং প্রতিটি উপজেলায় মহিলা বিষয়ক কার্যালয় রয়েছে আপনারা যোগাযোগ করবেন আমরা সব সময় আপনাদের পাশে থাকব।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহানের সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা সমবায় কর্মকর্তা হারুন অর রশীদ, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ,

উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, সহকারি পল্লী উন্নয়ন কর্মকর্তা গোলাম রসূল, মহিলা বিষয়ক কার্যালয়ের কর্মচারীবৃন্দ ও বিভিন্ন ইউনিয়ন থেকে আগত নারী সদস্য বৃন্দরা।

দামুড়হুদায় তাড়ি বাগানের ছড়াছড়ি: প্রশাসনের হস্তক্ষেপ কামনা এলাকাবাসীর

দামুড়হুদায় তাড়ি বাগানের ছড়াছড়ি ফলে এলাকায় মাতালের উৎপাত বেড়েছে। এতে এলাকায় সামাজিক পরিবেশের পাশাপাশি মাঠের ফসলের ক্ষতি সাধন হচ্ছে। মাতালরা তাড়ি খেয়ে ভুট্টা সহ নানান ফসল নষ্ট করছে। শুধু তাইনা নেশার টাকা জোগাড় করতে করছে চুরি ছিনতাই। ফলে এলাকায় আশঙ্কা জনক হারে বেড়েছে চুরি। এর থেকে পরিত্রাণ পেতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন এলাকাবাসী।

স্থানীয় সুত্রে জানাগেছে, দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর মাঠ, কাদিপুর মাঠ, দুধপাতিলার মাঠ, বাস্তপুর মাঠ, জয়রামপুর মাঠ সহ একাধিক মাঠের বেশ কয়েকটি স্পটে দেদারসে বিক্রি হচ্ছে নেশাদ্রব্য তাড়ি। যা খেয়ে বিগড়ে যাচ্ছে তাড়ি খোররা। তাড়ি খাওয়ার এমনই নেশা একদিন না খেলে মাথায় কাজ করেনা খাদকদের। ফলে সকাল সন্ধ্যায় তাড়ি খোররা ভিড় জমায় তাড়ি বাগানে। নেশার টাকা জোগাড় করতে করছে চুরি ছিনতাই এর মতো জঘন্যতম কাজ।

শীতের সময় খেজুরের বাগানে তৈরি হয় তারি। বাগানে তাড়ি খেতে গিয়ে মানুষ মাতাল হয়ে আসার সময় মাঠের ফসল নষ্ট করছে। এমনভাবে নষ্ট করছে যে চারা গাছটি মরে যাচ্ছে। মাতাল অবস্থায় তারা কি করছে তার কোন বোধগম্য থাকে না। ফলে নষ্ট হচ্ছে বিস্তীর্ণ কৃষি খেত। কৃষকের ঘাম ঝরানো ফসল যদি এভাবে নষ্ট করে তাহলে তা খুবই দুঃখজনক।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় এলাকাবাসী বলেন, তাড়ি খেয়ে মাতাল হয়ে ফসলের ক্ষতি করছে। তাড়ির মধ্যে এমন কিছু মেশানো হচ্ছে, যে

তাড়ি খায় সেই মাতাল হয়ে বিগড়ে যাই। মাতালরা বাড়িতে গিয়ে উল্টা পাল্টা করে সংসারে ঝামেলা বাঁধায়, অশান্তির সৃষ্টি করছে। পরিবারের লোকজনকে মারধর করেছে, প্রতিবেশীর সাথে বিবাদে লিপ্ত হচ্ছে। তাড়ি খেয়ে স্ত্রী’কে বেদম প্রহারের ফলে থানায় অভিযোগ হতেও দেখা গেছে। খেজুরের সময় গাছিরা খেজুরের রস দিয়ে গুড় তৈরী করবে, কিন্তু তা না করে কতিপয় গাছিরা খেজুরের তাড়ি তৈরী করে সমাজকে কলুষিত করছে। এর থেকে পরিত্রাণে স্থানীয় এলাকাবাসী প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন।

দামুড়হুদা প্রেসক্লাবে সময়ের সমীকরণ পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালন

দামুড়হুদায় দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ১০ম পদার্পন উপলক্ষে প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আজ শনিবার সকাল ১০টার দিকে দামুড়হুদা প্রেসক্লাবে পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের আয়োজনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি মোজাম্মেল শিশিরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, থানা বিএনপির যুগ্ন সাধারণ সম্পাদক মন্টু মিয়া।

দামুড়হুদা প্রেসক্লাবের সহসভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহাজালাল বাবু, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলন, সদস্য হাবিবুর রহমান

হবি, খালেকুজ্জামান, হেলাল উদ্দিন, হাতেম আলি,সাফায়েতুল্লাহসহ প্রেসক্লাবের সদস্য বৃন্দ।

প্রধান অতিথি দামুড়হুদা উপজেলার ভারপ্রাপ্ত নির্বাহী অফিসার ও উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান বলেন, আমার সব থেকে ভালো লেগেছে দৈনিক সময়ের সমীকরণ এই নাম। আমি দেখেছি বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাঝে জীবনের ঝুঁকি নিয়ে সাংবাদিকরা ভিডিও ফুটেজ তৈরি করে সময়ের সমীকরণ পেজে আপলোড করেছে। এটাই সাহসিকতার পরিচয় সাংবাদিকদের। তখনই আমার বিশ্বাস জন্মেছে দৈনিক সময়ের সমীকরণ একটি ভালো পত্রিকা এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশন করতে এরা পিছুপা হয় না তাই সাহসিকতার সাথে এই পত্রিকার সংশ্লিষ্ট সকল সাংবাদিকবৃন্দ এগিয়ে যাবেন এই প্রত্যাশা। আমরা আছি আপনাদের সাথে সব সময়।

দামুড়হুদায় ছাগলসহ চিহ্নিত ২জন চোর আটক

দামুড়হুদায় ছাগলসহ চিহ্নিত ২ জন চোরকে গ্রেফতার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার (২৮ নভেম্বর) রাত সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশ কর্তৃক গোপন সংবাদের ভিত্তিতে সদর ইউনিয়নের চিৎলা নতুন পাড়া থেকে তাদেরকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত চোররা হল, দামুড়হুদা সদর ইউনিয়নের চিৎলা গ্রামের নতুন পাড়ার আমিরুল হোসেনের ছেলে সোহাগ আলী (২৯), মৃত মোমেন আলীর ছেলে মানিক (২৩)

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা থানাধীন সদর ইউনিয়নের চিৎলা নতুন পাড়ার জৈনক বাবলুর চায়ের দোকানের সামনে মেইন রাস্তার উপর থেকে ১টি খয়রী রং এর খাশি ছাগল, ১টি কালো রং এর ধাড়ি ছাগল এবং ১টি কালো রং এর খাশি ছাগলসহ সর্বমোট মূল্য ২৮,০০০/- (আঠাশ হাজার) টাকা স্থানীয় জনগণ তাদেরকে হাতেনাতে আটক করে। পরবর্তীতে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবিরকে ঘটনাটি জানানো হলে

তিনি এস আই সাইফুল ইসলাম হাওলাদারকে ফোর্সসহ ঘটনা স্থলে পাঠান এবং তিনটি ছাগলসহ চোরদেরকে গ্রেফতার করে থানায় নিয়ে আসেন। বর্তমানে তাদের বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর বলেন, গ্রেফতারকৃত চোরদের বিরুদ্ধে পুলিশ বাদী হয়ে মামলা দায়ের করে এবং আজ বিজ্ঞ আদালতের কাছে তাদেরকে সোপর্দ করা হয়েছে। চোরাইকৃত তিনটি ছাগল আপাতত থানা পুলিশের হেফাজতে আছে। আগামী রোববার বিজ্ঞ আদালতের আদেশ নিয়ে ছাগল তিনটির বিষয়ে নিষ্পত্তি করা হবে।

দামুড়হুদা মাদকবিরোধী র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

যে মুখে ডাকি মা সেই মুখে কখনোই মাদক না, এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা উপজেলার উজিরপুর গ্রামে যুব সমাজের উদ্যোগে মাদকবিরোধী র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল তিনটার দিকে গ্রামের বিভিন্ন সড়কে র্যালি শেষ করে উজিরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল মাঠে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এস আই মেহেদী হাসান।

অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওয়ার্ড বিএনপি’র সভাপতি জামাল মোল্লা, সাধারণ সম্পাদক বদর মাল, উপজেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক জাহিদুল ইসলাম যুগ্ন আহবায়ক জাহিদুর রহমান, উপজেলা ছাত্রদলের সিনিয় যুগ্ন আহবায়ক ইনজামামুল হক,থানা যুবদলের সদস্য শরিফুল ইসলাম, চুয়াডাঙ্গা সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার আব্দুল আলিম সেনাবাহিনীর সার্জেন্ট অফিসার আমিনুল ইসলাম,যুবদল নেতা হেলাল উদ্দিন, মাওলানা বিল্লাল হোসেন মাওলানা আনোয়ারুল, অবসরপ্রাপ্ত হাবিলদার আবুল কাশেম,

আমিনুল ইসলাম লিয়াকত মেম্বার, রবি ।

এছাড়া উপস্থিত ছিলেন আব্দুল মজিদ, আব্দুল আলিম, আব্দুল আজিজ, মুস্তাক আহমেদ, বাপ্পি সাদিক, অভি,শান্ত,আলিফ, তরুণ, রিয়াজ, ইমরুল, আশিকুর, ছাবিত, সাজিদ হোসাইন, রিমন, হাবিবুর,সাগর।

দামুড়হুদায় গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে স্মরণসভা

দামুড়হুদা উপজেলার ২০২৪ সালে জুলাই-আগষ্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে তাদের পরিবারের সদস্যদের উপস্থিতিতে স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকাল ৩টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ স্মরণসভা অনুষ্ঠিত হয়।

ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন কমিটির আহবায়ক আসলাম হোসেন অর্ক, সদস্য সচিব সাফফাতুল ইসলাম, দর্শনা ছাত্র সমন্বয়ক রিঙ্কু আক্তার, নিশাত তামান্না, তানভীর রহমান, সোহান ইসলাম, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন হিমেল, দামুড়হুদা থানা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি মোঃ আব্দুল গফুর, জামায়াতে ইসলামীর দর্শনা পৌর শাখার সহকারী সেক্রেটারি মোঃ আব্দুল কাদের,
প্রমূখ।

এসময় বক্তারা বলেন, জুলাই-আগস্টে ছাত্র জনতার সমন্বিত গণঅভ্যুত্থানে দেশের জনগণ এক নতুন বাংলাদেশ পেয়েছে। আমরা চাই আধুনিক ও বৈষম্যহীন সমাজ। বাংলাদেশে কোন বৈষম্য থাকতে পারে না। যেকোনো প্রতিকূলতার বিরুদ্ধে সংগ্রাম মানুষের চিরায়ত ঐতিহ্য

এবং এটি আমরা যুগে যুগে দেখতে পেয়েছি। বক্তারা আরো বলেন যারা গণঅভ্যুত্থানে জীবন দিয়েছেন, ত্যাগ স্বীকার করেছেন, দুঃখ-কষ্ট ভোগ করেছেন এবং যে মায়েরা সন্তান হারিয়েছেন সবারই আত্মত্যাগ সফল হোক। সবাইকে নিয়ে আমরা যেন সুন্দর বাংলাদেশ ও সুন্দর সমাজ গড়তে পারি।

শেষে শহীদ ও আহতদের স্মরণ করে তাদের জন্য দোয়া মোনাজাত করা হয়। এসময় আহতদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় মাথাভাঙ্গা নদী থেকে অবৈধ ম্যাজিক জাল অপসারণ

দামুড়হুদা উপজেলায় মোবাইল কোটের মাধ্যমে মাথাভাঙ্গা নদী থেকে অবৈধ বাঁধ ও ম্যাজিক জাল অপসারণ করা হয়েছে। দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য বিভাগের যৌথ উদ্যোগে ৩টি অবৈধ বাঁধ অপসারণ ও ১০টি চায়না দুয়ারি জাল, ২টি সুতি জাল উদ্ধার করে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

আজ বৃহস্পতিবার (২৮ নভেম্বর) সকাল ১০ টা থেকে দুপুর পর্যন্ত দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তপুর রঘুনাথপুর সুবুলপুর গোবিন্দপুর গলায়দড়ি, জিরাটসহ বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে অবৈধ বাঁধ অপসারণ করে মাছ ধরার জাল জব্দ করা হয়েছে।

অভিযান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি কে এইচ তাসফিকুর রহমান। মোবাইল কোর্ট অভিযানে সহযোগিতা করেন দামুড়হুদা উপজেলা মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার, উপজেলা ভুমি অফিসের সহকারি আরিফ উদ্দীন,দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার ভুমি কে এইচ তাসফিকুর রহমান অভিযান শেষে সাংবাদিকদের জানান, আপনারা জানেন চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার একটি গুরুত্বপূর্ণ নদী যার নাম মাথাভাঙ্গা। এই মাথাভাঙ্গা নদীতে কিছু অসাধু ব্যক্তি বাঁশের আড়াআড়িভাবে

বাঁধ দিয়ে রাখছিল এর পরিপ্রেক্ষিতে দামুড়হুদা উপজেলা মৎস্য কর্মকর্তার সাথে নিয়ে অভিযান পরিচালনা করা হয় সেখানে চায়না ম্যাজিক জাল ও বাঁধ অপসারণ করা হয়। জনস্বার্থে এই অভিযান অব্যাহত থাকবে। পরবর্তীতে এই কর্মকান্ডের সাথে কেউ জড়িত থাকলে কঠোরভাবে আইনি পদক্ষেপ নেয়া হবে।

দামুড়হুদায় জামায়াতে ইসলামীর নবনির্বাচিত আমীরের শপথ অনুষ্ঠান

দামুড়হুদায় জামায়াতে ইসলামীর উপজেলা শাখার নবনির্বাচিত আমীরের শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৩টার সময় দামুড়হুদা উপজেলা জামায়াতের আয়োজনে আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ রুমে শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় ২০২৫-২০২৬ বছরে কর্ম পরিষদ সদস্য ও সূরা সদস্য সহ নতুন কমিটির সবাইকে সংগঠনের শপথ বাক্য পাঠ করানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ রুহুল আমীন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান বাংলাদেশের প্রশাসনের অবস্থা একেবারে নড়বড়ে। স্বৈরাচারের দোসররা এখনো আছে। সেগুলোকে একটু পরিবর্তন করা গেলেও গোটা প্রশাসনের নিচের লেবেলে যারা আছে তারা এখনো ঠিকমত কাজ করছেনা। এক জেলায় দূর্নীতি করে আবার নতুন জেলায় গিয়ে নতুন আঙ্গিকে দুর্নীতি করছে। আমরা এর অবসান চাই। কারন আমরা দেশকে ভালোবাসি, দেশের মানুষকে ভালোবাসি। আমরা আর এদেশকে বর্গীদের হাতে তুলে দিতে চাইনা। আজকের শপথ অনুষ্ঠানে যারা শপথ গ্রহণ করলেন, যারা নতুন দায়িত্ব গ্রহণ করলেন তারা সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করবেন। দুই বছরের কমিটি এই সময়ের মধ্যে যদি আপনারা সঠিকভাবে দায়িত্ব পালন করতে না পারেন তাহলে তাদেরকে দায়িত্ব থেকে অপসারণ করা হবে।

জামায়াতে ইসলামীর দামুড়হুদা উপজেলা শাখার আমীর নায়েব আলীর সভাপতিত্বে শপথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সেক্রেটারী এ্যাড. মোঃ আসাদুজ্জামান, দামুড়হুদা উপজেলা জামায়াতে ইসলামীর নবনির্বাচিত কমিটির আমীর মোঃ নায়েব আলী, নায়েবী আমীর মাওলানা আব্দুল গফুর, সেক্রেটারী মোঃ আবেদৌলা, সহকারী সেক্রেটারি মোঃ আবুল বাশার, সহকারী সেক্রেটারি মোঃ রফিকুল ইসলাম জিয়া।

দামুড়হুদা প্রেসক্লাবে সাংবাদিকদের সাথে কারিতাস এনজিও’র মতবিনিময় সভা

“মানুষ মানুষের জন্য” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা প্রেসক্লাবে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও অন্তর্ভুক্তিকরণ প্রচার-প্রচারণামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকাল ৩টার সময় কারিতাস বাংলাদেশ এনজিও’র বাংলাদেশ প্রবীণ, প্রতিবন্ধী এবং মাদকসক্ত ব্যক্তিদের সমন্বতি উন্নয়ন প্রকল্প (SDDB) এর আয়জনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এসডিডিবি’র প্রকল্পের কার্পাসডাঙ্গা ইউনিয়ন উন্নয়ন কমিটির সভাপতি সুধিন সরকার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু সহ-সভাপতি মোজাম্মেল শিশির, যুগ্ম সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলনসহ বিভিন্ন সংবাদ কর্মী, এসডিডিবি প্রকল্পের

ক্লাব লিডার, প্রতিবন্ধী ব্যক্তি, উন্নয়ন কমিটি ও সরকারি কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সঞ্চালনা করেন এসডিডিবি’র প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।